# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
## বাকৃবি চত্বর, ময়মনসিংহ

**বিষয়: বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটে অনুষ্ঠিত জুলাই ২০২৫ এর সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মো: আবুল কালাম আজাদ<br>মহাপরিচালক, বিনা, ময়মনসিংহ |
| সভার তারিখ ও সময় | : | ১৬ জুলাই ২০২৫, সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | : | সভা কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

**২.০ আলোচনা ও সিদ্ধান্ত:**

সভার শুরুতে সভাপতি সভা কক্ষে উপস্থিত ও Zoom Cloud Meeting Platform-এ সংযুক্ত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গত ২১ জুন ২০২৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | মাননীয় প্রধান উপদেষ্টার প্রতিশ্রুতি বাস্তবায়ন | (১) অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা/ উপদেষ্টা পরিষদের দিক-নির্দেশনাসমূহ বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন গুরুত্ব সহকারে প্রস্তুত করে প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | সিএসও (আরসি) / প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা |
| ২. | গবেষণা কার্যক্রম জোরদারকরণ | (১) নতুন জাত, প্রযুক্তি অবমুক্তি/নিবন্ধনের পরপর এর তথ্যসমূহ ব্যাপকহারে সম্প্রচার ও প্রসারের জন্য সংশ্লিষ্ট উদ্ভাবক, পরিচালক (গবেষণা) এর দপ্তরের মাধ্যমে পত্রজারির ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। এক্ষেত্রে, জাত উদ্ভাবনের ক্ষেত্রে রেজিস্ট্রেশনের কপিসহ সকল প্রয়োজনীয় কাগজপত্র একটি ফাইলে সংরক্ষন করে এর এক কপি মহাপরিচালক (বিনা), পরিচালক (গবেষণা), সিএসও (আরসি) এবং সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের দপ্তরে নথিভুক্ত থাকতে হবে। | পরিচালক (গবেষণা)/সিএসও (আরসি)/পিডি, ডিপিডি/ ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| | | (২) বিনা গ্লাডিউলাস১ এর ব্যাপক প্রচার ও প্রসারের জন্য যশোর, চুয়াডাঙ্গা এলাকায় যারা ফুল বিক্রেতা ও ফুল চাষী তাঁদের মাঝে লিফলেট বিতরণ এবং মাগুরা উপকেন্দ্রের মাধ্যমে উক্ত এলাকায় ফুল চাষীদের নিয়ে একটি প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। এছাড়াও, সংশ্লিষ্ট উদ্ভাবক কৃষি কথায় এই জাতের বৈশিষ্ট নিয়ে একটি লেখা প্রচারের ব্যবস্থা নিতে হবে। এছাড়াও করমের পরিমাণ বাড়াতে হবে যে আগামী বছরে অধিক হারে মাল্টিপ্লাই করা যায়। | পরিচালক (গবেষণা)/সংশ্লিষ্ট উদ্ভাবক/ সংশ্লিষ্ট কমিটি |
| | | (৩) বিনা'র নিজস্ব ইউটিউব চ্যানেলের মাধ্যমে সমকালীন আলোচিত বিষয়ে বিনা'র করণীয় নিমিত্ত ভিডিও, বিনা'র প্রধান কার্যালয়, আঞ্চলিক কেন্দ্র এবং উপকেন্দ্রে অনুষ্ঠিত বিভিন্ন সভায় সচিব, উপদেষ্টামন্ডলী কর্তৃক গুরুত্বপূর্ণ উপদেশের ভিডিও, বিটিভিতে প্রচারকৃত বিনা'র তথ্য এর ভিডিও, এছাড়াও ইউটিউব চ্যানেলের সদস্যদের সমন্বয়ে গঠিত কমিটির মধ্যে একজন মডারেটর ঠিক করে তার মাধ্যমে জাত, প্রযুক্তি সম্প্রচার ও প্রসারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত কমিটি সমসাময়িক বিষয়ের উপর কনটেন্ট চেয়ে পত্রজারি করবে এবং পরবর্তী সভার আগে একটা ভিডিও আপলোড করবে। উক্ত কমিটি প্রশাসন থেকে পুনরায় সার্কুলেট করতে হবে। কমিটির সুনির্দিষ্ট TOR থাকবে এবং উক্ত কমিটি একটি WhatsApp গ্রুপ খুলে সংশ্লিষ্ট সকলকে যুক্ত করে প্রধান কার্যালয়সহ উপকেন্দ্র থেকে সমসাময়িক বিষয়গুলো সংরক্ষণ করে প্রচারের ব্যবস্থা নিতে হবে। এক্ষেত্রে, যদি প্রয়োজন হয় বাহির থেকে এক্সপার্ট এর সহায়তা নেয়া যেতে পারে। জুলাই অভ্যুত্থানের অনুষ্ঠানসমূহ প্রচারের ব্যবস্থা এবং হাইলাইট করতে হবে। | পরিচালক (গবেষণা)/ সংশ্লিষ্ট কমিটির সভাপতি |

| ক্র. নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহী'ত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | (৪) বিগত এক যুগে বিনা'র অর্জন ও আগামী এক যুগে বিনা'র ভবিষ্যৎ পরিকল্পনা ডকুমেন্ট আকারে প্রকাশের জন্য গঠিত কমিটি আগামী সভার পূর্বে খসড়া ডকুমেন্ট, মানসম্পন্ন ছবিসহ মহাপরিচালক বরাবর জমা দিবেন। পরবর্তীতে সভায় খসড়া প্রেজেন্টেশনের মাধ্যমে সকলের মতামতের প্রেক্ষিতে নতুন শিরোনাম বাছাই করে ডকুমেন্ট আকারে প্রকাশ করা হবে। এক্ষেত্রে, মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক উক্ত কমিটি আবার একটি সভা করে প্রতিবেদনটি আপডেট করে মহাপরিচালক মহোদয়ের দপ্তরে জমা প্রদান করবে। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি/ সিএসও (আরসি) / প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা |
| | | (৫) বিনা "প্রযুক্তি হাতবই" কমিটির মাধ্যমে সমন্বয় করে যতদ্রুত সম্ভব প্রিন্টিং এর জন্য পাঠাতে হবে। প্রিন্টের পূর্বে বানান এবং গালি প্রুফ যথাযথ সতর্কতার সহিত চেক করে মহাপরিচালক মহোদয় কে দেখাতে হবে। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি |
| | | (৬) সরাসরি কৃষকের কাছ থেকে বিনা চিনাবাদাম-৪,৬,৮ ক্রয়ের ক্ষেত্রে ইসলামপুর, জামালপুরে খরিফ-২ মৌসুমে বীজ উৎপাদনের জন্য একটি হাব তৈরি করতে হবে এবং সেখান থেকে বীজ ক্রয় ও প্রক্রিয়াজাত করে তা সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে একটি প্রোগ্রাম প্রস্তুত করে "বিনা'র গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের" পরিচালক এর দপ্তরে জমা দিতে হবে। | প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ/বিনা উপকেন্দ্র, জামালপুর |
| ৩. | ওয়েবসাইট হালনাগাদকরণ | (১) বিনা'র ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদকরণ এবং হালনাগাদ সংক্রান্ত সংখ্যাভিত্তিক তথ্য এবং শতকরা হার সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। তথ্য হালনাগাদের ক্ষেত্রে উর্দ্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে সঠিক চ্যানেল মেইন্টেইন করে অনুমোদন নিয়ে আপডেট করতে হবে। | প্রোগ্রামার, আইসিটি শাখা |
| | | (২) পিআরএল-এ গমনরত বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারিদের কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রোগ্রামার আইসিটির মাধ্যমে ডি-নথি বন্ধ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রতিনিয়ত ডি-নথিতে নামগুলো আপডেট থাকতে হবে। | প্রোগ্রামার, আইসিটি শাখা |
| ৪. | অডিট আপত্তি নিষ্পত্তি | (১) অডিট আপত্তি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ত্রিপক্ষীয় সভা আহ্বানের ব্যবস্থা নিতে হবে।<br>(২) অডিট আপত্তি নিষ্পত্তির জন্য দ্রুত একটি ত্রিপক্ষীয় সভার আয়োজন করতে হবে। | উপ-পরিচালক (অর্থ) |
| ৫. | অবসর সুবিধা প্রদানের আবেদন নিষ্পত্তি | (১) অবসর সুবিধা প্রদানের আবেদন কর্মচারিগণের অবসরে যাবার ০৩ (তিন) মাসের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (প্রশা.)/ উপ-পরিচালক (অর্থ) |
| ৬. | খরচের হিসাব নিয়মিত সমন্বয় সাধন | (১) অগ্রিম উত্তোলনকারী সকলকে জরুরী ভিত্তিতে সকল অগ্রিমের সমন্বয় সাধন করতে হবে। | অগ্রিম উত্তোলনকারীগণ |
| ৭. | শূন্য পদে লোক নিয়োগ | (১) সকল শূন্য পদ পূরণ ও চলমান পদোন্নতি/নিয়োগের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) |
| ৮. | ডি-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | (১) ডি-নথি কার্যক্রম বাড়াতে যথাসময়ে ডি-নথি নিষ্পত্তির বিষয়ে বিভাগীয় প্রধানগণ ব্যবস্থা গ্রহণ করবেন। | ডি-নথি ব্যবহারকারী সকল বিজ্ঞানী/কর্মকর্তা/কর্মচারি এবং প্রোগামার, আইসিটি শাখা |
| | | (২) জুন/২০২৫ মাসে ডি-ফাইলে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করা হয়েছে ২৬৫০টি। ডি-ফাইলের সংখ্যাভিত্তিক তথ্য সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | প্রোগ্রামার, আইসিটি শাখা |
| ০৯. | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও অভিযোগ নিষ্পত্তি | (১) বিনা'র ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে আবশ্যিকভাবে সকল কার্যক্রম সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল |
| ১০. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | (১) ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে সকল কার্যক্রম সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট, এপিএ এবং সংশ্লিষ্ট বিজ্ঞানী/কর্মকর্তা/ কর্মচারি |

| ক্র. নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১১. | SDG সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপন | (১) জিন ব্যাংক স্থাপনের ক্ষেত্রে নিম্নে উল্লেখিত একটি কমিটি গঠন করা হয়েছে<br>(ক) ড. ফাহমিনা ইয়াসমিন, পিএসও ও প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ- সভাপতি<br>(খ) ড. মোহাম্মদ নুরুন-নবী-মজুমদার, পিএসও ও প্রধান, উদ্যানতত্ত্ব বিভাগ- সদস্য<br>(গ) ড. মো. মনিরুল ইসলাম, এসএসও, বায়োটেকনোলজি বিভাগ- সদস্য<br>(ঘ) মো: রায়হান শিকদার, এসও, উদ্ভিদ প্রজনন বিভাগ- সদস্য<br>(ঙ) মোঃ গোলাম মোস্তফা, এসও, ক্রপ ফিজিওলজি বিভাগ-সদস্য<br>(চ) ড. মো: কামরুজ্জামান, এসএসও, উদ্ভিদ প্রজনন বিভাগ- সদস্য সচিব<br>উক্ত কমিটির সভাপতি দুই (২) জন বিজ্ঞানীকে কো-অপ্ট করে একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন করে প্রয়োজনীয় পদক্ষেপ ঠিক করবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি/ উপ-পরিচালক (প্রশা.) (পত্রজারির জন্য) |
| ১২. | জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন | (১) মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সামাজিক নিরাপত্তা বিষয়ক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন প্রতি সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। এক্ষেত্রে সামাজিক নিরাপত্তার রিপোর্ট করার জন্য প্রতিটি উপকেন্দ্র আবশ্যিকভাবে রেজিস্টার অনুসরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট, জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন |
| ১৩. | বিদ্যুৎ খাতে ব্যয় হ্রাসকরণ সংক্রান্ত | (১) বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে গঠিত কমিটি প্রতি মাসের সমন্বয় সভায় অগ্রগতি উপস্থাপন অব্যাহত রাখবেন এবং কমিটি বিদ্যুৎ বিল কমানোর উদ্দেশ্যে সুপারিশমালা প্রণয়ন করে মহাপরিচালক বরাবর জমা দিবেন। কমিটির সদস্যবৃন্দ নিম্নে দেয়া হলোঃ-<br>(ক) ড. মোহাম্মদ আশিকুর রহমান, পিএসও, পরিকল্পনা ও উন্নয়ন শাখা- সভাপতি<br>(খ) ড. মোঃ হাসানুজ্জামান, পিএসও, কৃষি প্রকৌশল বিভাগ- সদস্য<br>(গ) মোঃ আব্দুর রউফ, সহকারী প্রকৌশলী, প্রকৌশল শাখা-সদস্য সচিব | সংশ্লিষ্ট কমিটির সভাপতি |
| | | (২) বিনা'র প্রতিটি উপকেন্দ্র সেচ মিটার আলাদা করার নিমিত্ত দুত ব্যবস্থা গ্রহণ করতে হবে এক্ষেত্রে একটি কমিটি নিম্নে দেয়া হলো:<br>(ক) ড. শামছুন্নাহার বেগম- সিএসও (আরসি) -সভাপতি<br>(খ) মাজহারুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন)- সদস্য<br>(গ) মোঃ মাহাবুবুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, প্রকৌশল শাখা- সদস্য সচিব<br>উক্ত কমিটি প্রধান কার্যালয়সহ উপকেন্দ্রের সেচ মিটার আলাদাকরণে করণীয় এবং বিদ্যুৎ বিল সংক্রান্ত তথ্যগুলো সভায় উপস্থাপন করবেন। ঈশ্বরদী উপকেন্দ্রে বিদ্যুৎ বিল কি কারণে অস্বাভাবিক হয়েছে কমিটিকে তা তদন্ত করে মহাপরিচালক বরাবর প্রতিবেদন জমা দিতে হবে। | সিএসও (আরসি)/সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা/ নির্বাহী প্রকৌশলী |
| | | (৩) প্রধান কার্যালয়ের গবেষণা মাঠে স্থাপিত সোলার পাম্প ব্যবহার করেই গবেষণা মাঠের সেচের চাহিদা পূরণ সম্ভব কিনা সে বিষয়ে কমিটি গঠন করা হয়েছে এবং কমিটি আগামী সভায় একটি প্রতিবেদন প্রণয়ন করবেন। কমিটি'র সদস্যবৃন্দের নাম নিম্নে দেয়া হলো:<br>(ক) ড. শামছুন্নাহার বেগম, সিএসও এবং গবেষণা সমন্বয়ক- পরি. (গবেষণা) দপ্তর<br>(খ) মো. ফররুখ আহম্মেদ, ফার্ম ম্যানেজার- সদস্য<br>(গ) ড. মো. হাসানুজ্জামান, পিএসও ও প্রধান, কৃষি প্রকৌশল বিভাগ- সদস্য সচিব<br>উক্ত কমিটি সোলারের মাধ্যমে সেচের ব্যবস্থা করতে করনীয়, একজন পাম্প অপারেটরকে দায়িত্ব প্রদান ও লগ বই মেইন্টেইন করাসহ পরিচর্যার যাবতীয় | পরিচালক (প্রশা. ও সা. সা.)/ নির্বাহী প্রকৌশলী<br><br>উপ-পরিচালক (প্রশা.) (পত্রজারির জন্য) |

| ক্র. নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | ব্যাপারসহ মহাপরিচালক মহোদয়ের দপ্তরে সুপারিশ করবেন এবং সমন্বয় সভায় তা উপস্থাপন করবেন। | |
| ১৪. | বিবিধ | (১) বিনা উদ্ভাবিত জাত, প্রযুক্তির তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করার পাশাপাশি বিনা'র অ্যাপ্স আপডেট করতে হবে। এক্ষেত্রে বিনা'র জাত ও প্রযুক্তিগুলো বাংলার পাশাপাশি ইংরেজি ভাষাতেও আপডেট করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। এছাড়াও বিনা'র টেলিফোন ইনডেক্স এ্যাপ্সটি আপডেট করতে হবে। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি/প্রোগ্রামার আইসিটি |
| | | (২) বিনা'র বীজ সহজলভ্যতার সংকট মোকাবেলায় বিনা উদ্ভাবিত জাতসমূহের বীজ উৎপাদনের লক্ষ্যে আঞ্চলিক/উপকেন্দ্রভিত্তিক ১০০ জন করে মোট ১৫০০ কৃষক নির্বাচন করা হয়েছে এবং তাদেরকে যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে বীজ উদ্যোক্তা তৈরি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপকেন্দ্রে অনুষ্ঠিত কৃষক প্রশিক্ষণে ১টি লেকচার আবশ্যিকভাবে মানসম্মত বীজ উৎপাদন ও সংরক্ষণ বিষয়ক হতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা)/ পরিচালক (গবেষণা)/ ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ |
| | | (৩) বিনা'র বীজ উদ্যোক্তা তৈরির জন্য করণীয় ঠিক করতে নিম্নের সদস্যবৃন্দের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে।<br>(ক) ড. মোহাম্মদ আশিকুর রহমান, পিএসও পরিকল্পনা ও উন্নয়ন শাখা- সভাপতি<br>(খ) ড. মোঃ রোকনুজ্জামান, এসএসও পরিচালক (গবেষণার) দপ্তর- সদস্য<br>(গ) ড. মোঃ মাহমুদুল হাসান, এসএসও, উদ্ভিদ প্রজনন বিভাগ- সদস্য<br>(ঘ) মোহাম্মদ রাশেদুল হক, এসএসও, কৃষি অর্থনীতি বিভাগ- সদস্য<br>(ঙ) ড. মোঃ হাবিবুর রহমান, পিএসও ও প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ-সদস্য সচিব<br>উক্ত কমিটি বীজ উদ্যোক্তাদের নিয়ে একটি সুনির্দিষ্ট ফরম্যাট অনুসারে একটি ডাটাবেস তৈরি করবেন। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি |
| | | (৪) মহাপরিচালক/পরিচালক মহোদয়গণ বিনা'র সকল বিভাগ এবং শাখা আকস্মিক পরিদর্শনকালে বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারিকে বিনা নোটিশে অনুপস্থিত পাওয়ার প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। এক্ষেত্রে প্রতিটি বিভাগের বিভাগীয় প্রধান/শাখা প্রধানবৃন্দ তাদের নিজ নিজ বিভাগের সদস্যবৃন্দ সময়মত অফিসে উপস্থিতি নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। বিভাগীয় বিজ্ঞানী/কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিকবৃন্দের হাজিরা নিশ্চিতকরণের জন্য ফিঙ্গারপ্রিন্ট যন্ত্র জরুরী ভিত্তিতে কার্যকর করতে হবে। এছাড়াও প্রত্যেক বিভাগীয় ফিঙ্গার প্রিন্ট যন্ত্রের জন্য একজন এডমিন নির্বাচন করতে হবে। ফিঙ্গারপ্রিন্ট যন্ত্রটি ১ জুলাই ২০২৫ এর মধ্যে চালু করতে হবে এবং প্রতি মাসের রিপোর্ট প্রশাসনে জমা দিতে হবে। পরিদর্শনের সময় প্রতিটি বিভাগ/শাখার বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারিদের সাথে বসে তাঁদের সুবিধা-অসুবিধাগুলো শুনা এবং প্রতিবেদন আকারে তা মহাপরিচালক মহোদয়ের দপ্তরে জমা প্রদান করতে হবে। | মহাপরিচালক/ পরিচালকবৃন্দ/ বিভাগীয় ও শাখা প্রধানগণ |
| | | (৫) বিনা'র অবসরপ্রাপ্ত বিজ্ঞানীদের আজীবন সম্মাননা, বেস্ট সাইন্টিস্ট অব দ্য ইয়ার ও হাই কোয়ালিটি পাবলিকেশনের জন্য পুরস্কার প্রদানের নিমিত্ত নীতিমালা প্রণয়নের জন্য নিম্নোক্ত কমিটি গঠনের সুপারিশ করা হয়।<br>(ক) ড. মো. হোসেন আলী, পরিচালক (গবেষণা)- সভাপতি<br>(খ) ড. মো. ইব্রাহিম খলিল, প্রধান (এআরইডি) বিভাগ- সদস্য<br>(গ) মো. মনজুরুল হোসেন খান, উপ-পরিচালক (অর্থ)- সদস্য<br>(ঘ) হুসাইন মো. ফেরদৌস, সহকারি পরিচালক (সিনিয়র স্কেল)- সদস্য<br>(ঙ) ড. মোঃ হাবিবুর রহমান, সিএসও ও প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা- সদস্য সচিব | সংশ্লিষ্ট কমিটির সভাপতি/ (উপ-পরিচালক (প্রশা.) পত্রজারি করবেন) |

| ক্র. নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | উক্ত কমিটি আগামী সভায় একটি পূর্নাজ্ঞ নীতিমালা প্রস্তুত করে মহাপরিচালক মহোদয়ের দপ্তরে জমা প্রধান করবেন। | |
| | | (৭) টিওএন্ডই, অর্গানোগ্রাম ও টেকনিক্যাল পে এর সমস্যা সমাধানে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো।<br>(ক) ড. মোঃ হাবিবুর রহমান, সিএসও ও প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা-সভাপতি<br>(খ) ড. মো. মাহবুবুল আলম তরফদার, পিএসও ও প্রধান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ- সদস্য<br>(গ) ড. মোহাম্মদ আশিকুর রহমান, পিএসও, পরিকল্পনা ও উন্নয়ন শাখা- সদস্য<br>(ঘ) মো. মনজুরুল হোসেন খান, উপ-পরিচালক (অর্থ)- সদস্য<br>(ঙ) মাজহারুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন)-সদস্য সচিব<br>উক্ত কমিটি আগামী ১৫ কার্যদিবসের মধ্যে একটি রিপোর্ট প্রস্তুত করে মহাপরিচালক মহোদয়ের দপ্তরে জমা প্রধান করবেন। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি / উপ-পরিচালক (প্রশা.) পত্রজারি করবেন |
| | | (৯) রাজস্বখাতের ভ্রমণ বিল প্রদানের ক্ষেত্রে বিগত বছরগুলোর বকেয়া বিল প্রদান শেষ করে চলতি বছর/মাসের ভ্রমণ বিল প্রদান করতে হবে। | উপ-পরিচালক (অর্থ) |
| | | (১০) প্রতি মাসের দ্বিতীয় সপ্তাহের সোমবার সংস্থার সমন্বয় এবং এডিপি সভার আহ্বান করতে হবে। | প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা |
| | | (১১) গাড়ীর ব্যবহার/চাহিদার ক্ষেত্রে সুনির্দিষ্ট নীতিমালা অনুসরণ করে পরিচালক (প্রশাসন) এর মাধ্যমে অনুমোদন নিতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| | | (১২) বিনা'র অর্গানোগ্রামে প্রতিটা উপকেন্দ্রে একজন করে ৪র্থ গ্রেডের অফিসার পদায়ন করে হালনাগাদ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| | | (১৩) নিয়মিত শ্রমিকদের ফিঙ্গার প্রিন্ট হাজিরার বিষয়ে তাঁদেরকে মোটিভেশন করতে হবে এবং সবাই যেন ফিঙ্গার প্রিন্ট হাজিরা দেয় সেই বিষয়ে প্রত্যেক বিভাগীয় প্রধান মোটিভেশনের সাথে উপকারিতা বিষয়ে তাঁদেরকে অবহিত করবেন। | সিএসও (আরসি)/সকল বিভাগীয় প্রধান |

৩.০ পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মো: আবুল কালাম আজাদ)
মহাপরিচালক